রেজিস্ট্রার 21 AUG 2025 ঢাকা বিশ্ববিদ্যালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd; email:info@banbeis.gov.bd

স্মারক নং: ৩৭.২০.০০০০.০০৪.৯৯.৯৩.২৪-(পার্ট-১)/১৪৮৩

তারিখ: ৪ ভাদ্র, ১৪৩২
১৯ আগস্ট, ২০২৫

**বিষয়: শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচিতে বিশেষজ্ঞ হিসেবে রিভিউয়ার তালিকায় নাম অন্তর্ভুক্তিকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতায় শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচির অধীন ১. শিক্ষা (Education) ২. কৃষি (Agriculture) ৩. জীবন সম্পর্কিত বিজ্ঞান (Life Science) ৪. ভৌত বিজ্ঞান (Physical Science) ৫. সামাজিক বিজ্ঞান (Social Science) ৬. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ৭. মৎস্য (Fish) ৮. ব্যবসায় শিক্ষা (Business Studies) ৯. বাংলাদেশ উন্নয়ন অধ্যয়ন (Bangladesh Development Studies) ১০. প্রকৌশল ও প্রযুক্তি (Engineering and Technology) এবং ১১. উন্নয়ন ও জননীতি (Development and Public Policy অধিক্ষেত্রে গবেষণা কার্যক্রম পরিচালনার নিমিত্ত আর্থিক সহায়তা প্রদান করে থাকে। আর্থিক সহায়তার জন্য প্রাপ্ত গবেষণা প্রস্তাবসমূহ সংশ্লিষ্ট গবেষণা অধিক্ষেত্রের বিশেষজ্ঞগণ দ্বারা সম্পাদিত রিভিউ রেটিং এর ভিত্তিতে বাছাই ও মনিটরিং কমিটি কর্তৃক অর্থায়নের সুপারিশ করা হয়ে থাকে। শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা নীতিমালা অনুযায়ী প্রতিবছর রিভিউয়ার প্যানেল হালনাগাদ করা হয়। এই ধারাবাহিকতায় ২০২৫-২৬ অর্থবছরে বিশেষজ্ঞ হিসেবে রিভিউয়ার তালিকায় আপনার বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক/সহযোগী অধ্যাপক পদমর্যাদার সংশ্লিষ্ট অধিক্ষেত্রের গবেষকগণকে আগামী ১০/৯/২০২৫ তারিখের মধ্যে রিভিউয়ার প্যানেলে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২। উল্লেখ্য বিশেষজ্ঞগণ বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর ওয়েবসাইট (www.banbeis.gov.bd) এর গবেষণা মেন্যুর GARE সাবমেন্যুতে ক্লিক করে অথবা সরাসরি http://202.72.235.211:8084/ লিংক এ প্রবেশ করে উক্ত ওয়েবপেজ এর সর্বশেষ মেন্যু Reviwer sign up এ ক্লিক করে রিভিউয়ার প্যানেলে অন্তর্ভুক্ত হতে পারবেন।

১৯/৮/২০২৫

(মোঃ মজিবুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
এবং
সদস্য-সচিব
বাছাই ও মনিটরিং কমিটি,
শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচি
ফোন: ০২-৪১০৬০৭০৭

---

স্মারক নং-রেজি/প্রশা-৩/ ২১০৯০ - বি

তারিখ: ৩১/৫ /১৪৩২ বঙ্গাব্দ
১৫/৯ /২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নলিখিতদের নিকট প্রতিলিপি প্রেরণ করা হলো :-**

১. ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়
২. চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়

(১-৩: বিভাগ/ইনস্টিটিউট-এর সকল অধ্যাপক ও সহযোগী অধ্যাপকবৃন্দকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)

৪. পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় (**বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো**)।
৫. ডেপুটি রেজিস্ট্রার ও সচিব, উপাচার্যের অফিস, ঢাকা বিশ্ববিদ্যালয়
৬. টেকনিক্যাল অফিসার, রেজিস্ট্রারের ব্যক্তিগত শাখা, ঢাকা বিশ্ববিদ্যালয় (**ই-মেইলে কপি প্রেরণের অনুরোধ জানানো হলো।**)

**উল্লেখ্য, ব্যানবেইসের প্রেরিত পত্রানুযায়ী রিভিউয়ার প্যানেলে অন্তর্ভুক্ত হওয়ার তারিখ ইতোমধ্যে অতিবাহিত হওয়ায় ব্যানবেইস কর্তৃপক্ষের সাথে পুনরায় যোগাযোগ করলে তারা অত্র বিশ্ববিদ্যালয় থেকে রিভিউয়ার প্যানেলে অন্তর্ভুক্ত হওয়ার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার অনুরোধ জানিয়েছেন।**

১৫/৯/২৫
(সৈয়দা মাসুদা আক্তার)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৩)
ঢাকা বিশ্ববিদ্যালয়